মেহেরপুরে মৌমাছির কামড়ে কৃষক আহত

মেহেরপুরের আমঝুপিতে মৌমাছির কামড়ে আলী হোসেন (৪০) নামের এক কৃষক আহত হয়েছেন।

গতকাল শনিবার সকালে আমঝুপি সাঁকো পাড়া নামক মাঠে এই ঘটনা ঘটে।

আহত আলী হোসেন আমঝুপি সাঁকো পাড়ার ইদ্রীস আলীর ছেলে।

জানা গেছে, প্রতিদিনের ন্যায় গতকাল কাজের উদ্দেশ্যে বাড়ি থেকে মাঠে যান আলী হোসেন। মাঠে কাজ করা অবস্থায় এক পর্যায়ে গাছের ডালে বসা মৌমাছির চাকে বাঁজ পাখিতে ছো মারে। এমন অবস্থায় ক্ষিপ্ত মৌমাছির দল আলী হোসেন কে আক্রমণ করে। এতে আলী হোসেন গুরুতর অসুস্থ হয়ে পড়েন।

পরে গ্রাম বাসী তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসে। বর্তমানে তিনি জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন। এখন তিনি সুস্থ আছেন।

মেহেরপুর আমঝুপি রাধা মাধব মন্দিরে মা দূর্গার ষষ্ঠী পালন

সনাতন ধর্মাবলম্বীদের বৃহত্তম ধর্মীয় উৎসব শারদীয় দূর্গাপুজা শুরু হয়েছে। মেহেরপুর সদর উপজেলা আমঝুপি শ্রী শ্রী রাধা মাধব মন্দিরে গতকাল মা দূর্গার ষষ্ঠী।

গতকাল গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় ফিতা কেটে উদ্বোধন করছেন মন্দিরের উপদেষ্ঠা ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহানউদ্দিন চুন্নু।

এসময় শ্রী শ্রী রাধা মাধব মন্দিরের সভাপতি অসিত কুমার বিশ্বাস,

সাধারণ সম্পাদক উত্তম কুমার কর্মকার, সহ সাধারণ সম্পাদক বলাই চন্দ্র বিশ্বাস, কোষাধ্যক্ষ আকিঞ্চন কুমার পাল, সাংগঠনিক সম্পাদক নারায়ন হালদার, উপদেষ্টা মুক্তিযোদ্ধা মাহবুল হকসহ শ্রী শ্রী রাধা মাধব মন্দিরের পুজা উদ্যাপন কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

আমঝুপিতে উঠান বৈঠক অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি পাবলিক ক্লাব ও লাইব্রেরীতে সারা দেশে নারী ধর্ষণ, ইভটিজিং ও বাল্য বিবাহ আধিক মাত্রায় বৃদ্ধির প্রতিবাদে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার বিকালে মেহেরপুর সদর থানা এসআই রফিকুল ইসলামের সভাপতিত্বে এক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, কৃষক লীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহাবুব হক, ইউপি সদস্য কামরুন্নাহার ও আমিন উদ্দিন।

আমঝুপিতে খাদ্য অধিকার আইনের খসড়া নিয়ে আলোচনা সভা

খসড়া খাদ্য অধিকার আইন নিয়ে এক মতবিনিময় সভা গতকাল শনিবার সকাল দশটার দিকে আমঝুপিতে অনুষ্ঠিত হয়। খাদ্য অধিকার বাংলাদেশ এর মেহেরপুর জেলা কমিটি এ সভার আয়োজন করে।

জেলা কমিটির কো-চেয়ারাম্যান সাবেক মেহেরপুর প্যানেল মেয়র আব্দুর

রহিম এর সভাপতিত্বে খাদ্য অধিকার এর খসড়া নীতিমালার বিভিন্ন ধারা উপধারা তুলে ধরে।

বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

সভায় বিভিন্ন বক্তা খাদ্য অধিকার বাংলাদেশ এর খসড়া আইনের উপর মতামত প্রদান করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন এর প্রোগ্রাম ম্যানেজার আলমগীর হোসেন।

আমঝুপিতে চেয়ারম্যান প্রার্থী আসিফ আজিমের মটর সাইকেল শোভাযাত্রা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী আসিফ আজিম লিটন গ্রাম অঞ্চলে মটর সাইকেল শো-ডাউন দিয়ে ভোটারদের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করছে। শুধু তাই নয়, হাট বাজার ও চা-এর দোকানে আসন্ন ইউনয়ন পরিষদের নির্বাচনে তাকে ঘিরে চলছে আলোচনা-সমালোচনার ঝড়। আওয়ামী লীগের মনোনয়ন পেতে তৃণমূলে কাজ করছেন আমঝুপি ইউনিয়নের কৃতি সন্তান আসিফ আজিম লিটন।

শুক্রবার বিকালে আমঝুপি ইউপি চেয়ারম্যান প্রত্যাসী প্রার্থী আসিফ আজিম লিটনের নির্বাচনীয় অফিস উদ্বোধন ও মটর সাইকেল শোভাযাত্রা করা হয়েছে। মটর সাইকেল শোভাযাত্রাটি আমঝুপি, খোকসা, ইসলামনগর, হিজুলী, দফরপুর, কোলা, ময়ামারি গ্রামসহ বিভিন্ন এলাকা পরিদর্শন করা হয়।

এসময় আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি আশরাফ হোসেন, আমঝুপি ইউপি সদস্য আলফাজ হোসেন, সাবেক ইউপি সদস্য আব্দুল মজিদ, আওয়ামী লীগ নেতা আব্দুর রশিদ, তৈয়ব আলী মাস্টার, সাদ আহমেদ খেড়া, বাবলু মিয়া, রফিকুল ইসলাম, আব্দুল ওয়াহাব, খলিল মোল্লা, মারফত আলী, যুবলীগ নেতা নাসিমুল ইসলাম, সবুজ মিয়া, সদর উপজেলা

ছাত্রলীগের ত্রাণ বিষয়ক সম্পাদক সাঈমসহ তৃনমুল নেতাকর্মীদের নিয়ে মটর সাইকেল শোভাযাত্রা করে।

আমঝুপিতে জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদে জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় পতাকা সহ দলীয় ও কালো পতাকা উত্তোলন করেন সভাপতি মতিয়ার রহমান, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনোয়ার হোসেন।

এ সময় প্রধান অতিথী হিসেবে ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক বোরহান আহম্মেদ (চুন্নু)।

বিশেষ অতিথী হিসেবে ছিলেন আমঝুপি ইউনিয়নের কৃষক লিগের ভারপ্রাপ্ত সভাপতি মাহাবুল রহমান। আরো উপস্থিত ছিলেন জাকির হোসেন টরি, জহুরুল খান, ফারুক, প্রফেসর সাইদুর রহমান, আজাহার বিশ্বাস, খাইরুল আলম টুটুল।

এ দিকে সকাল ০৮.৩০ টায় আমঝুপি ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শদ্ধা জানান, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান আহম্মেদ (চুন্নু)।

এ সময় উপস্থিত ছিলেন, ৩নং ওয়ার্ডের ইউপি সদস্য আক্তার এবং ২নং ওয়ার্ডের বদলুল, ৬নং ওয়ার্ডের আমিনদ্দি, ৪নং ওয়ার্ডের আলেক চাঁন, ৫নং ওয়ার্ডের মিয়ারুল ইসলাম, ৮নং ওয়ার্ডের আবুল কাশেম, ৯নং ওয়ার্ডের মশিউর রহমান ডাবলু, মহিলা সদস্য ফাহিমা খাতুন, বুলবুলি খাতুন, মোছা: কুসুম।

এ ছাড়াও শ্রদ্ধা জানান বাংলাদেশ আওয়ামী লীগের আমঝুপি ইউনিয়ন শাখার সভাপতি মতিয়ার রহমান, সাধারন সম্পাদক আনোয়ার সাদা।

আমঝুপি ইউপি চেয়ারম্যান’র উদ্যোগে খেলার মাঠ পরিষ্কার করার মেশিন প্রদান

মেহেরপুর সদর উপজেলার আমঝুপির বিভিন্ন প্রতিষ্ঠানে ঘাস কাটার মেশিন প্রদান করেছেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান আহমেদ চুন্নু।

আমঝুপি ইউনিয়ন পরিষদ সহ আমঝুপি পাবলিক ক্লাব, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় খেলার মাঠ ও আমঝুপি কেন্দীয় ঈদগা ময়দানে ঘাস কাটার কাজে ব্যবহারের জন্য একটি ইঞ্জিন চালিত সহ দুটি ঘাস কাটার মেশিন নিজস্ব অর্থায়নে প্রদান করেন আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান আহমেদ চুন্নু।

আজ রবিবার বিকাল সাড়ে পাঁচ টার সময় আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় খেলার মাঠে ঘাস কেটে মেশিনের উদ্বোধন করেন ইউপি চেয়ারম্যান বোরহান আহমেদ চুন্নু।

এ সময় উপস্থিত ছিলেন, ৮ নং ইউপি সদস্য মো: আবুল কাশেম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আতিকুল খান্দার, শাহাদুল হক কানাই, নাজিম, লিটন, সবুজ, আইডিয়াল স্কুলের শিক্ষক শহিদুল ইসলাম সাগর সহ স্থানীয় সাধারণ জনগণ।

ঘাস কাটার মেশিন দুটি সংরক্ষণ করবে আমঝুপি ইউনিয়ন পরিষদ।

আমঝুপি বিভক্তর প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের আমঝুপি ৮নং ওয়ার্ড বিভক্ত করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে গ্রামবাসী।

রবিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করা হয়। মেহেরপুর জেলার তিন নম্বর আমঝুপি ইউনিয়ন পরিষদকে দুই ভাগে বিভক্ত করার কারণে আমঝুপি গ্রামকে দুটি ওয়ার্ড থেকে তিনটি ওয়ার্ড করার কারণে একটি অংশ ইসলামনগর ওয়ার্ড ভিত্তিক আমঝুপি উত্তরপাড়া কে ইসলামনগর ওয়ার্ড বিভক্তি দেওয়ার কারণে ফুঁসে উঠেছে আমঝুপি আট নম্বর ওয়ার্ডের গ্রামবাসী।

মানববন্ধনে বক্তারা বলেন, আমঝুপি গ্রামকে পূর্বেরমত তিনটি ওয়ার্ডে বিভক্ত করতে হবে। আমরা আমঝুপিবাসী অন্য ওয়ার্ডেরবাসীন্দা হতে চাইনা। প্রস্তাবিত এলাকা বিভক্তি অবিলম্বে বাতিল করে নতুন করে তৈরির আহবান জানান বক্তারা।

মেহেরপুরে সুজি আটকিয়ে ১ বছরের শিশুর মৃত্যু

চাঁদের মত দেখতে, মা বাবা তাই তার নাম রেখেছিল চাঁদনী(১)।

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের হিজুলী গ্রামের পলাশ বিশ্বাস এর ১ বছরের কন্যা শিশু।

বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে নিজ বাড়ীতে তার মা সুজি খাওয়ানোর সময় চাঁদনির গলাই আটকিয়ে যায়। সাথে সাথে তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসক তাকে মৃত্যু ঘোষনা করে।

পরে বেলা ২ টার দিকে নিহত চাদনীকে বাড়ীতে নিয়ে এলে শিশু হারানোর শোকে পুরো মহল্লায় শোকের ছায়া নেমে আসে।

পরে হিজুলী কেন্দ্রীয় কবর স্থানে তাকে দাফন করা হয়।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]